# জুন/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, আশুগঞ্জ এর ২৬তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হানিফ মুন্সি
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৮/০৬/২০২২খ্রি.
সভার সময় : দুপুর ১২:০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট- "ক"

জনাব মোঃ হানিফ মুন্সি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ ও সভাপতি, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, আশুগঞ্জ উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জকে সভা পরিচালনার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী/আপত্তি না থাকায় তা অনুমোদন করা হয়। অতঃপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বাস্থ্য বিভাগের নিয়মিত কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মে/২০২২ মাসে বহিঃবিভাগে মোট-৪৯৬৭জন, জরুরী বিভাগে ৫০৩জন, আন্তঃবিভাগে-২২৬জন, ইউনিয়ন সাব-সেন্টারে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা-৩৪০৭ জন, কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা- ৮২৫৩ জন, ১৬ জন প্রসূতি মায়ের নরমাল ডেলিভারী রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়া ২৬১৬ জন শিশু ও ১১৬১ জন মহিলাকে টিকা দেয়াসহ ২০৫ জন মাকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে। চাহিদার তুলনায় তাঁর বিভাগের ডাক্তার-কর্মচারী সংখ্যা কম থাকা সত্তেও করোনাকালীন সময়েও তাদের সাধ্যানুযায়ী জনগণকে চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছেন বলে সভাকে জানান। তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। | ডাক্তার ও কর্মচারীর সংখ্যা কম হলেও নিজেদের সাধ্যানুযায়ী জনগণকে সর্বোচ্চ চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০২. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রাণিসম্পদ বিভাগের নিয়মিত বিভিন্ন কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, জুন/২০২২ মাসে মোট গবাদিপশু-১৪৩৯টি ও হাঁস-মুরগি-১০৯২৫টিকে চিকিৎসা প্রদান করেন।১২৭০৪ টি গবাদিপশুকে এবং ৬১৭০০টি হাঁস-মুরগিকে টিকা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন করা হয়েছে ১০৮৮ টি গাভীকে। নতুন খামার স্থাপন করা হয়েছে ০৩টি,২৮৫ জন গাভীপালন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ফ্রি মেডিকেল ক্যাম্প স্থাপন করা হয়েছে ০১ টি। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আরো জানান যে, আশুগঞ্জ উপজেলায় ভেটেরিনারি ফিল্ড এসিস্ট্যান্ড পদে কর্মরত একজন মাত্র ভি.এফ.এ ডেপুটেশনে অন্যত্র কর্মরত থাকায় APA লক্ষ্যমাত্রা অর্জন ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। | উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে ভি.এফ.এ পদে জনবল চাহিয়া আবেদন প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩. উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি বান্ধব সরকারের কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় আসন্ন রোপা আমন মৌসুমে আশুগঞ্জ উপজেলায় ৪০০টি কৃষক পরিবারের মাঝে বিনামূল্যে রোপা আমন ফসলে বীজ ও সার সহায়তা প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রণোদনা কর্মসূচির বাস্তবায়নের প্রক্রিয়া চলমান রয়েছে। এতে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। বিভিন্ন প্রকল্পের আওতায় রোপা আমনের উৎপাদন বৃদ্ধির ও বীজ উৎপাদন এবং সংরক্ষণের জন্য মোট ৩৬টি প্রদর্শনী বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।<br><br>আউশ, রোপা আমন, বোরো ও সরিষা ফসলের উফশী জাতগুলো কৃষক পর্যায়ের কৃষক পর্যায়ে বীজ সংরক্ষণ ও মজুদ রাখা ও পরবর্তী মৌসুমে বীজের চাহিদা পুরনের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকগণেকে পরার্মশ প্রদান অব্যহত রয়েছে। উৎপাদন লক্ষ্যমাত্র অর্জনের জন্য মাঠ পর্যায়ে কৃষকগণকে সর্বক্ষণিক আধুনিক প্রযুক্তি ভিত্তিক পরামর্শ প্রদান চলমান আছে। | ফসল উৎপাদনের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বাস্তবায়নে রোপা আমন ফসলের উপৎপাদন বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান ও প্রকল্প ভিত্তিক প্রদর্শনীগুলো সফল ভাবে বাস্তবায়নের মাধ্যমে কৃষকগণের প্রযুক্তি জ্ঞানে সমৃদ্ধকরণ অব্যাহত রাখার এবং উন্নতমানের বীজ উৎপাদনে দক্ষতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দের্শনা ও দায়িত্ব প্রদান করা হয়েছে। খরিপ-২/২০২২-২৩ মৌসুমে রোপা আমন ফসলে কৃষি প্রণোদনা কার্যক্রম মাঠ | মাঠ পর্যায়ের সকল উপসহকারী কৃষি কর্মকর্তা,<br><br>কৃষকগণ ও<br><br>কৃষি প্রশাসন |

<table>
<tr><td></td><td></td><td>পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়নের তদারকির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়।</td><td></td></tr>
<tr><td></td><td>সার, বীজ ও কীটনাশকের মজুদ সম্পর্কে আলোচনা।</td><td>আশুগঞ্জ উপজেলায় সার, বীজ ও কীটনাশক এর মজুদ পর্যবেক্ষণ অব্যাহত রাখা এবং এর কোন ঘাটতি থাকলে তা পূরণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করণের নিমিত্ত সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>০৪. উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রমের অংশ হিসেবে প্রতিনিয়ত বাজার পরিদর্শন করা হচ্ছে। উক্ত কার্যক্রমের সফলতার জন্য তিনি জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন।তাছাড়া পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদানসহ অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় জানানো হয়।</td><td>বেড় জাল বা পাটি বাধ দিয়ে যেন মাছ ধরতে না পারে সে লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>০৫. উপজেলা প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ইং অর্থ বৎসরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) কাজ সমাপ্ত হইয়াছে ও উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় ৮৫% কাজ বাস্তবায়ন হইয়াছে এবং অবশিষ্ট ১০% কাজ ভারী বৃষ্টিপাত ও জলাবদ্ধতা কারনে বাস্তবায়ন করা সম্ভব পর হচ্ছে না। তাই আগামী ৩০/০৯/২০২২ইং তারিখ পর্যন্ত সময় বর্ধিত করনের জন্য অনুরোধ করা হলো। তাছাড়া তিনি নিম্নোক্ত উন্নয়ন প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় উপস্থাপন করেন ঃ<br>১। গেজেটেড কোয়ার্টার ২০৪নং ফ্ল্যাট মেরামত ও সংস্কার করন মং-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার টাকা)<br>২। উপজেলা পরিষদের হল রুম সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন করন মং- ৫,৯৪,০০০/- (পাঁচলক্ষ চুরানব্বই হাজার টাকা)।<br>৩। উপজেলা পরিষদের বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ম্যুরাল এর সামনে সৌন্দর্য বর্ধন ও পার্কিং টাইলস স্থাপন মং- ৫,৮৫,০০০/- (পাঁচ লক্ষ পঁচাশি হাজার টাকা) মাত্র।<br>৪। আন্দিদিল কেন্দ্রীয় জামে মসজিদের পুকুরের চারিদিকে প্যালাসাইডিং ওয়াল নির্মাণ = ৫,৫০,০০০/- ( পাচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।<br>উক্ত প্রকল্প সমূহ উপজেলা উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থহতে বাস্তবায়ন করা যাইতে পারে। তাছাড়া অন্যান্য উন্নয়ন মূলক কর্মকান্ড ও দাপ্তরিক কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মেও তিনি সভায় জানান।</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি কর্তৃক বর্ণিত খাতসমূহের বিধি মোতাবেক ব্যয় নির্বাহের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, ১নং ক্রমিকের প্রকল্প ব্যয় পিআইসি কমিটির মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে মং-৭৫,০০০/- (পঁচাত্তর হাজার টাকা) মাত্র এবং ২ হতে ৪নং ক্রমিকের প্রকল্প সমূহ ব্যয় আরএফকিউ পদ্ধতিতে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থহতে যথাক্রমে ৫,৯৪,০০০/- (পাঁচলক্ষ চুরানব্বই হাজার টাকা) ও ৫,৮৫,০০০/- (পাঁচ লক্ষ পঁচাশি হাজার টাকা) ও ৫,৫০,০০০/- ( পাচলক্ষ পঞ্চাশ হাজার মাত্র পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>তাছাড়া ৩০/০৯/২০২২ইং তারিখ পর্যন্ত সময় বর্ধিত করনের বিষয়টি ও সভায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, আশুগঞ্জ</td></tr>
<tr><td>০৬. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগের মে/২০২২ মাসের মাসিক অগ্রগতির বিবরণ সভায় উপস্থাপন করেন। তাছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে অবহিত করেন।<br><table>
<tr><th>সেবার বিবরণ</th><th>পরিমান (সংখ্যা)</th></tr>
<tr><td>গর্ভকালীন পরিচর্যা</td><td>৪৫৫ জন</td></tr>
<tr><td>বিনামূল্যে প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা</td><td>১৭ জন</td></tr>
<tr><td>গর্ভত্তোর সেবা</td><td>১৭১ জন</td></tr>
<tr><td>শিশু পরিচর্যা</td><td>৬৮৬ জন</td></tr>
<tr><td>কিশোর কিশোরী</td><td>১৩১৬ জন</td></tr>
<tr><td>সাধারণ রোগী সেবা</td><td>২৫৪৮ জন</td></tr>
<tr><td>আইইউডি গ্রহণকারীর</td><td>৭ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>৪৬ জন</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি গ্রহণ কারীর সংখ্যা</td><td>২ জন</td></tr>
<tr><td>সর্ব মোট পদ্ধতি গ্রহণ কারীর সংখ্যা</td><td>২২৩৪৩ জন</td></tr>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>২৯৬১৩ জন</td></tr>
<tr><td>মোট গ্রহণকারীর হার</td><td>৭৫.৪৫%</td></tr>
</table></td><td>পরিকল্পিত পরিবার গঠনে মাঠ পর্যায়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে। কাজে গতিশীলতা আনয়ন পূর্বক সেবার মান বৃদ্ধিতে দায়িত্ব পালনে আরো আন্তরিক হতে অনুরোধ জ্ঞাপনপূর্বক সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

<table>
<tr>
<td>শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায়<br>১। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে প্রত্যেক বিদ্যালয়ে সাপ্তাহিক, পাক্ষিক মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে।<br>২। একই দিনে ৪৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা, উপস্থিতি, পাঠোন্নতি ও উপবৃত্তির বিষয়ে অভিভাবকগণকে সচেতন করা হয়েছে।<br>৩। আন্তঃ প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের ফাইনাল খেলা আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।<br>দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।</td>
<td>পাঠদান কার্যক্রমকে আরো গতিশীল এবং বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম আরও জোরদার করণসহ দাপ্তরিক অন্যান্য কাজ সঠিক সময়ে সম্পন্ন করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td>
<td>১। জাতীয় শিক্ষা সপ্তাহ ও বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। অফিসিয়াল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে।<br>২। শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন, মনিটরিং করা হচ্ছে। অফিসিয়াল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>০৯. উপজেলা সমাজসেবা বিভাগ</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, প্রতিবন্ধী জরিপ সর্ম্পন্ন করে সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ চলমান আছে, দপ্তরের ঋণ কার্যক্রম চলমান রয়েছে, ঋণ আদায়ের হার ৮৬%। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতার মৃত্যুর পরিবর্তে প্রতিস্থাপন কাজ চলমান আছে। ২০২১-২০২২ অর্থ বছরের "ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের মধ্যে এককালীন আর্থিক সহায়তার আবেদন চলমান আছে।</td>
<td>প্রতিবন্ধী জরিপ সম্পন্ন করে সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ কার্যক্রমে সর্বোচ্চ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
<tr>
<td>১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আশুগঞ্জ তাঁর দপ্তরের মে/২০২২ মাসের কার্যক্রম সভায় পেশ করেন। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় গৃহিত কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করা হয়।<br><br><u>১। ঋণ বিতরণ পরিমাণ :</u>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>মোট তহবিল প্রাপ্তি</th><th>বার্ষিক লক্ষ্যমাত্রা</th><th>মাসে অর্জন</th><th>বছরে অর্জন</th><th>ক্রমপুঞ্জি-ভূত অর্জন</th><th>হার %</th></tr>
<tr><td>আবর্তক</td><td>২০.০০</td><td>২০.৬৫</td><td>--</td><td>১৬.৭০</td><td>৭৯.৮৭</td><td>৮১%</td></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>২৮.২৫</td><td>১০.০০</td><td>--</td><td>--</td><td>৭৮.১৯</td><td>-</td></tr>
<tr><td>বীরমুক্তিযোদ্ধা প্রকল্প</td><td>৫.৯০</td><td>৪.০০</td><td>--</td><td>৩.৫০</td><td>২০.৬৫</td><td>৮৭%</td></tr>
<tr><td>পদাবিক</td><td>৬০.০০</td><td>৩৫.০০</td><td>৮.৫০</td><td>৮.৫০</td><td>৩৭৩.৩৯</td><td>-</td></tr>
<tr><td>মোট</td><td>১১৪.১৫</td><td>৬৯.৬৫</td><td>৮.৫০</td><td>২৮.৭০</td><td>৫৫৫.১০</td><td>৪১%</td></tr>
</table>
<br>২। ঋণ আদায় ও মাঠে বকেয়া পরিমাণ :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>বার্ষিক লক্ষ্যমাত্রা</th><th>মাসে অর্জন</th><th>বছরে অর্জন</th><th>ক্রমপুঞ্জি-ভূত অর্জন</th><th>চলতি ঋণ</th><th>খেলাপী ঋণ</th><th>মোট</th><th>হার %</th></tr>
<tr><td>আবর্তক</td><td>১০.৫০</td><td>১.৪০</td><td>১৩.২৩</td><td>৬০.৬৩</td><td>১৭.৭৯</td><td>১.৩৫</td><td>১৯.১৪</td><td>১০০%</td></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>২৩.৭১</td><td>--</td><td>.০২</td><td>৫৪.৭৮</td><td>--</td><td>২৩.৪১</td><td>২৩.৪১</td><td>-</td></tr>
<tr><td>বীরমুক্তিযোদ্ধা, প্রকল্প</td><td>৩.০০</td><td>.০৫</td><td>২.৬২</td><td>১৬.৫৫</td><td>৪.৬৭</td><td>০.১৩</td><td>৪.৮০</td><td>১০০%</td></tr>
<tr><td>পদাবিক</td><td>৩২.৭৫</td><td>০.৬৭</td><td>৬.৯৯</td><td>৩৩১.৭৪</td><td>১৩.৯৭</td><td>২৭.৬৮</td><td>৪১.৬৫</td><td>২০%</td></tr>
<tr><td>মোট</td><td>৬৯.৯৬</td><td>৩.১২</td><td>২২.১৯</td><td>৪৬৩.৭০</td><td>৩৬.৪৩</td><td>৫২.৫৭</td><td>৮৯.০০</td><td>২৮%</td></tr>
</table>
তাঁর কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই মর্মে তিনি সভায় জানান।</td>
<td>ঋণ আদায়ে আরো কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>১১. মহিলা বিষয়ক অধিদপ্তর</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ক্ষুদ্র ঋণ আদায়ের হার ৮০% মে/২০২২ মাসের ভিজিডি ছাড়পত্র দেওয়া হয়েছে। নারী ও শিশু নির্যাতনে এ মাসে ০২টি আবেদন পাওয়া গিয়াছে। তাছাড়া স্বেচ্ছাসেবী মহিলা সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে মর্মেও তিনি সভায় জানান।</td>
<td>ভাতাভোগী নির্বাচনে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতঃ অভিযোগগুলি নিরপেক্ষতার সহিত নিস্পত্তি করতে হবে।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | (ক) সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের বরাদ্দকৃত নলকুপগুলির সাইট চিহ্নিতকল্পে জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য সভায় অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, ৪৯ টি বিদ্যালয়ের মধ্যে ৩৪ টি বিদ্যালয়ে ওয়াশব্লক বিদ্যমান আছে । বাকী ১৫ টি বিদ্যালয়ের মধ্যে থেকে ১০ টি বিদ্যালয় ওয়াশব্লক নির্মান করা হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | সমগ্রদেশে চলমান নিরাপদ সরবরাহ প্রকল্পের আও... কাজের সাইট নির্দিষ্ট সময়ের মধ্যে পাওয়া না গেলে উন্নয়নের সুবিধার্থে ইউনিয়ন ওয়াটসন কমিটিসহ অন্যান্য সাইটগুলি উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক নির্ধারনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ... সংশ্লি... সক... |
| ১৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.), ১ম পর্যায়ের উপজেলা ও নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দের কাজ শেষ হয়েছে এবং ২য় ও ৩য় পর্যায়ের কাজ শেষ পর্যায়ে। মুজিববর্ষের ৮৮টি ঘরের নির্মাণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে (৩য় পর্যায়) এর ২৮টি গৃহের মধ্যে ০৫টি গৃহ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বাকী ২৩টি গৃহের নির্মাণ কাজের অগ্রগতি ৮০% । তাছাড়া তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানান। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জনস্বার্থ বিবেচনায় উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বীর নিবাস এর নির্মাণ কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন করতে হবে। | উপজে... প্রক... বাস্তবা... কর্মক... |
| ১৪. উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে ৪২০ জন যুবক/যুব মহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিতভাবে ৫০৭৫ জন যুবক/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে ৫৩ জন যুবক/যুব মহিলাকে নতুন প্রকল্প তৈরী এবং প্রকল্প সম্প্রসারণের জন্য আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৫৩ জন যুবক/যুব মহিলাকে ৩০৯০০০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিতভাবে ২২১৮ জন যুবক/যুব মহিলাকে ৩০৩৮২০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিতভাবে ২২১৮ জন যুবক/যুব মহিলাকে আত্তকর্মী করা হয়েছে। এছাড়া অত্র উপজেলায় ২৪ টি নিবন্ধিত যুব সংগঠন রয়েছে। যুব সংগঠনের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচি চলমান রয়েছে। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই। | ঋণ আদায়, যুবক/ যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান ও যুবক/যুব মহিলার আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আরো কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজে... যুব উন্ন... কর্মকর্ত... সংশ্লি... সকল |
| ১৫. উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,অত্র উপজেলায় মোট অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বিভাগীয় ৫৬টি,পউবো ভুক্ত ১৬টি, তাছাড়া বিভাগীয় প্রাথমিক আরো অকার্যকর ০৮টি সমিতি রয়েছে। বিভাগীয় ৫৬টি ও পউবো ভুক্ত ১৬টি সমিতি অডিট করা হয়েছে। ২০১৯-২০২০ খ্রি, সনের ধার্যকৃত অডিট সেস ও আদায় ঃ-<br>ক) কেন্দ্রীয় (পউব) সমিতির ধার্য - ৭৯১০/-<br>কেন্দ্রীয় (পউব) সমিতির আদায় : ৭৯১০/-<br>খ) বিভাগীয় সমিতির ধার্য ঃ ২৮৯৫০/-টাকা<br>বিভাগীয় সমিতির আদায় ঃ ২৮৯৫০/-টাকা<br>ক) কেন্দ্রীয় (পউব) সমিতির ধার্য ঃ ২৩৮০/-<br>কন্দ্রীয় (পউব) সমিতির আদায় - ২৩৮০/-<br>খ) বিভাগীয় সমিতির ধার্য ২৬০৬০/-টাকা<br>বিভাগীয় সমিতির আদায় ২৬০৬০/-টাকা<br>নিবন্ধিত সমবায় সমিতি গুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। সমবায় সমিতি নিবন্ধনের ধারা অব্যাহত আছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক বলে সভাকে অবহিত করেন। | নিবন্ধিত সমবায় সমিতি গুলি নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করতে হবে এবং এই কাজ অব্যাহত রাখতে হবে। | উপজেল... সমবায়... কর্মকর্ত... |
| বিবিধ-০১ | সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী নিম্নোক্ত ব্যয় রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপস্থাপন করা হয়।<br>১। জনাব মোঃ মোবারক উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর আবেদন অনুয়াযী উপজেলা পরিষদ মিলনায়তনের ২(দুই) টি শীতাতাপ নিয়ন্ত্রিত যন্ত্রের বৈদ্যুতিক সংযোগ স্থাপন বাবদ -২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০ অনুযায়ী উপস্থাপিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জনাব মোঃ মোবারক উল্লাহ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বরারব পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেল... নির্বাহী অফিসা... আশুগঞ্জ... উপজেল... প্রকৌশলী এলজিইডি... আশুগঞ্জ |
| বিবিধ-০২ | সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী নিম্নোক্ত ব্যয় রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপস্থাপন করা হয়।<br>১। জনাব মোঃ কামাল মিয়া, নিরাপত্তা প্রহরী কর্তৃক উপজেলা পরিষদ কমপ্লেক্স এর কেঁচি গেইট মেরামত, ছাদের জন্য নতুন দরজা তৈরী ও উপজেলা নির্বাহী অফিসারের বাসার দরজা মেরামত পূর্বক -২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র। মাত্র বিল দাখিল করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী উপস্থাপিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে - ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র। টাকা মাত্র জনাব মোঃ কামাল মিয়া, নিরাপত্তা প্রহরী বরাবর পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেল... নির্বাহী অফিসা... আশুগঞ্জ... উপজেল... প্রকৌশ... এলজিই... আশুগ... |

| | | | |
|---|---|---|---|
| | সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী নিম্নোক্ত ব্যয় রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপস্থাপন করা হয়।<br>১। উপজেলা পরিসংখ্যান অফিসার ও সহকারী প্রোগ্রামার, আইসিটি আশুগঞ্জ এর আবেদনের প্রেক্ষিতে তাদের অফিস কক্ষ্য ২ (দুই)টি বৈদ্যুতিক পাখা সংযোগ পূর্বক জনাব মোঃ নবী নেওয়াজ, ইলেকট্রিশিয়ান এলজিইডি মং-৭,০০০/- (সাত হাজার টাকা) মাত্র বিল দাখিল করেন।<br>২। উপজেলা পরিষদ কমপ্লেক্স এর ছাদের পানির সংযোগ লাইন মেরামত বাবদ ১,০০০/- (এক হাজার টাকা) খরচ পূর্বক জনাব মোঃ নবী নেওয়াজ, ইলেকট্রিশিয়ান এলজিইডি বিল ভাউচার দাখিল করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী উপস্থাপিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মং-৮,০০০/- (আট হাজার টাকা) মাত্র টাকা জনাব মোঃ নবী নেওয়াজ, ইলেকট্রিশিয়ান এলজিইডি বরাবর পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| বিবিধ-০৪ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের ফাইনাল খেলা আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বরাদ্দকৃত অর্থের মধ্যে উক্ত প্রতিযোগিতার ব্যয় সংকুলান না হওয়ায় তিনি অতিরিক্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র বরাদ্দের ব্যবস্থার নিমিত্তে সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনান্তে উক্ত ব্যয় পিআইসি- এর মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ হতে পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |

সভাপতি ২০২২-২৩ সালের অর্থ বছরের নতুন উন্নয়ন প্রকল্পসমূহ চিহ্নিত করণে অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জ্ঞাপনপূর্বক বক্তব্য রাখেন। তিনি আশুগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নে সর্বস্তরের মানুষের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

পরিশেষে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হানিফ মুন্সি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

**স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০০.০৭.০০৩.২২-৪০৮ (৫০)**

**তারিখঃ ২৮/০৬/২০২২খ্রি.**

**অনুলিপি : সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় সংসদ সদস্য-২৪৪, ব্রাহ্মণবাড়িয়া-২।
০২. মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩১২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৬. জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৭. উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
০৯. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
১০. উপজেলা........................................................ কর্মকর্তা, আশুগঞ্জ।
১১. চেয়ারম্যান, আশুগঞ্জ সদর / চরচারতলা / দুর্গাপুর / তালশহর (পশ্চিম)/ আড়াইসিধা/ শরীফপুর/ লালপুর ও তারুয়া ইউনিয়ন পরিষদ।

(অরবিন্দ বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন/ফ্যাক্স-[illegible]
unoashuganj1@gmail.com